



প্রিয় পিতামাতা/অভিভাবক:

শিক্ষার্থীদের জন্য হাই স্কুল একটি আনন্দদায়ক সময়, কারণ তারা এই সময় ভবিষ্যতের পরিকল্পনা করতে শুরু করে। হাই স্কুল পড়ুয়া একজন শিক্ষার্থীর পিতামাতা হিসেবে, আপনার সন্তানকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করতে সাহায্য করার ক্ষেত্রে আপনি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

ট্রানজিশন পরিকল্পনা হলো এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে স্কুলগুলো প্রতিবন্ধী শিক্ষার্থী ও তাদের পরিবারদের হাই স্কুলের পরবর্তী ভবিষ্যতের পরিকল্পনা করতে সহায়তা করে। আপনার সন্তানের জন্য স্কুলের পরিষেবাগুলো ততক্ষণ পর্যন্ত পাওয়া যাবে, যতক্ষণ না তারা রিজেন্টস (Regents) বা লোকাল ডিপ্লোমা নিয়ে গ্র্যাজুয়েট বা পাশ করছে অথবা যে বছর তাদের বয়স 22 হবে সেই বছর তাদের বিনামূল্যে উপযুক্ত সরকারি শিক্ষা লাভের সুযোগ শেষ হচ্ছে। আমরা আপনাকে এবং আপনার সন্তানকে এই পরিষেবাগুলোর সম্পূর্ণ সুযোগ নিতে উৎসাহিত করছি।

আপনি ও আপনার সন্তান প্রতিটি বিশেষ শিক্ষা কমিটি (Committee on Special Education, CSE) সভায় ট্রানজিশন পরিকল্পনা নিয়ে আলোচনা করার সুযোগ পাবেন। এই আলোচনায় হাইস্কুলের পর শিক্ষা ও প্রশিক্ষণের পরিকল্পনা থাকতে পারে, যা চাকরি বা পেশার জন্য প্রস্তুতি নিতে সহায়ক; প্রাপ্তবয়স্কদের ধারাবাহিক শিক্ষা বা অন্যান্য শিক্ষা কার্যক্রম; কমিউনিটিতে সক্রিয় থাকা; চাকরি পাওয়া এবং তা বজায় রাখা; স্বনির্ভরভাবে জীবনযাপন; এবং/অথবা অন্যান্য প্রাপ্তবয়স্কদের পরিষেবা। আপনার সন্তানের ট্রানজিশন পরিকল্পনা 15 বছর বয়সের মধ্যেই কার্যকর হওয়া উচিত, তবে এটি এর আগেও শুরু করা যেতে পারে। পরিকল্পনা প্রক্রিয়াটি তখনই সবচেয়ে সফল হয়, যখন এতে আপনি এবং আপনার সন্তান উভয়েই অন্তর্ভুক্ত থাকেন।

যদি আপনার সন্তানের কোনো বিকাশমূলক প্রতিবন্ধিতা থাকে, যেমন ডাউনস সিনড্রোম (Down's Syndrome), সেরিব্রাল পলসি (Cerebral Palsy), অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার (Autism Spectrum Disorder) অথবা অন্য কোনো বুদ্ধিভিত্তিক বা বিকাশমূলক প্রতিবন্ধিতা, তাহলে আপনি হয়তো নিউ ইয়র্ক স্টেট বিকাশমূলক প্রতিবন্ধিতা যুক্ত ব্যক্তিদের জন্য কার্যালয় (Office for People With Developmental Disabilities, OPWDD)-এর দেওয়া পরিষেবাগুলো সম্পর্কে জানতে চাইতে পারেন। বিকাশমূলক প্রতিবন্ধিতাযুক্ত একজন শিক্ষার্থীকে স্কুল থেকে প্রাপ্তবয়স্ক জীবনে সফলভাবে পদার্পণ করতে সাহায্য করার জন্য OPWDD অনেক ধরনের পরিষেবা প্রদান করে, যার মধ্যে রয়েছে বাড়িতে সহায়তা, কমিউনিটিতে পরিষেবা এবং কর্মসংস্থান বিষয়ক প্রশিক্ষণ। এই সহায়তা পাওয়ার জন্য শিক্ষার্থী এবং তাদের পরিবারদের আবেদন করতে হবে এবং তাদের চাওয়া পরিষেবাগুলোর জন্য প্রয়োজন হলে Medicaid-এর জন্যও আবেদন করার প্রয়োজন হতে পারে।

OPWDD-এর যোগ্যতা এবং পরিষেবাগুলো সম্পর্কে আরও জানতে, আপনি এবং আপনার সন্তান <https://opwdd.ny.gov/get-started> লিঙ্কে গিয়ে OPWDD-এর ফ্রন্ট ডোর (Front Door) ভিডিওগুলো দেখতে পারেন। আরও তথ্যের জন্য এবং ব্যক্তি ও পরিবারের জন্য 'অ্যাক্সেস টু সার্ভিসেস' গাইডের একটি কপি পেতে <http://www.opwdd.ny.gov/get-started> লিঙ্কে যান। যেসব শিক্ষার্থীর ইতিমধ্যেই OPWDD-এর যোগ্যতা রয়েছে এবং যারা কোনো কেয়ার কোঅর্ডিনেশন অর্গানাইজেশন (Care Coordination Organization, CCO)-এর সাথে যুক্ত, প্রাপ্তবয়স্কদের পরিষেবার অনুরোধ করার জন্য তাদের কেয়ার ম্যানেজারের সাথে যোগাযোগ করতে হবে।

আপনি যদি মনে করেন যে আপনার সন্তানের ভবিষ্যতে OPWDD-এর দেওয়া সহায়তা এবং পরিষেবার প্রয়োজন হতে পারে, তবে যত তাড়াতাড়ি সম্ভব আমাদের সাথে যোগাযোগ করা আপনার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনি যদি চান যে স্কুল ডিস্ট্রিক্ট আপনার সন্তানের ট্রানজিশন পরিকল্পনায় অংশগ্রহণের জন্য একজন OPWDD প্রতিনিধিকে আমন্ত্রণ জানাক, তাহলে আমাদের কর্মীরা আনন্দের সঙ্গে এতে যুক্ত হয়ে পরিকল্পনায় সহায়তা করবেন। আপনার স্কুলকে কেবল

একজন OPWDD প্রতিনিধিকে আমন্ত্রণ জানানোর জন্য বলুন। আপনাকে আমাদের সাথে শিক্ষাগত এবং স্বাস্থ্য সংক্রান্ত রেকর্ড শেয়ার বা আদান-প্রদান করার জন্য একটি সম্মতিপত্রের স্বাক্ষর করতে হবে, যাতে আমরা সহায়তা করতে পারি। ফেডারেল আইন এবং নিউ ইয়র্ক স্টেটের প্রবিধান অনুযায়ী এই সম্মতিটি বাধ্যতামূলক।

আপনার সম্ভাবনার উপযুক্ত পরিষেবা এবং একটি সফল ভবিষ্যতের লক্ষ্যে ট্রানজিশন পরিকল্পনায় আপনার ও আপনার পরিবারের সাথে কাজ করার জন্য আমরা উন্মুখ হয়ে আছি। OPWDD সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার স্থানীয় রিজিওনাল ফিল্ড অফিসে যোগাযোগ করুন। আমাদের ইনফরমেশন লাইনে **866-946-9733** নম্বরে কল করে অথবা info@opwdd.ny.gov-এ আমাদের ইমেল করার মাধ্যমে আপনি আপনার অঞ্চলের যোগাযোগের তথ্য জানতে পারেন।

শুভেচ্ছান্তে,



Willow Baer
কমিশনার